

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৬ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং ৫৭.০৩.০০০০.০২৭.০৭.০২৪.২৩. ৩৬৩

তারিখ: ২১/০৯/২০২৫খ্রিঃ


বিষয় : আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও সরবরাহকৃত জনবলের সেবার মান সম্পর্কে মতামত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন “১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন” প্রকল্প এর আওতায় তৃতীয় পর্যায়ে চালুকৃত ১৫টি টেকনিক্যাল স্কুল ও কলেজে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে আউটসোর্সিং পদ্ধতিতে প্রতিটি টিএসসিতে ০৪(চার) জন করে মোট (১৫×৪) ৬০ জন জনবল/সেবা ক্রয়ের জন্য আহবানকৃত দরপত্রের আলোকে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে Dhaleshwary Security & Cleaning Service (Pvt.) Ltd এর সাথে চুক্তি সম্পাদন করা হয়। অত্র দপ্তরের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৭.০৭.০২৪.২৩.৬৯৩, তারিখ-২২/১০/২০২৩খ্রিঃ মোতাবেক কার্যাদেশ প্রদান করা হয়। উক্ত কার্যাদেশ অনুযায়ী Dhaleshwary Security & Cleaning Service (Pvt.) Ltd ৬০জন জনবল সরবরাহ করে। জনবল সরবরাহকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং সরবরাহকৃত জনবলের সেবার মান সম্পর্কিত তথ্যাদি নিম্ন ছক যথাযথভাবে পূরণ করা প্রয়োজন।

“ছক”

ক্র: নং	বিবরণ	হ্যাঁ/না	মন্তব্য
০১	জনবল সরবরাহকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কর্মচারীদের প্রাপ্য বেতন-ভাতা পরিশোধের বিষয়ে কোন প্রকার অনিয়মের অভিযোগ উত্থাপিত হয়েছে কিনা;		
০২	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনা বিষয়ে কোন অভিযোগ আছে কিনা;		
০৩	সরবরাহকৃত জনবলের মধ্যে নিয়োজিত কর্মচারীগণ কোন প্রকার অসদাচরণ/শৃঙ্খলাভঙ্গ/অদক্ষতা/দায়িত্বে অবহেলা/ইত্যাদি প্রতীয়মান হয় কিনা;		
০৪	সংশ্লিষ্ট কর্মচারী দায়িত্ব পালনের সময় শিষ্টাচার এবং যথাযথ সম্মান ও সৌজন্য প্রদর্শন করে কিনা।		

এমতাবস্থায়, উল্লিখিত বিষয়াদি সম্পর্কে আপনার মতামত আগামী ২৫/০৯/২০২৫ খ্রিঃ তারিখ, বৃহস্পতিবার বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে advocddo@gmail.com এ সফটকপি এবং ডাকযোগে হার্ডকপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২১/৯/২০২৫
(নাসরীন সুলতানা)
সহকারী পরিচালক (শাখা-৬)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণ:

- (১) পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, তাঁকে স্ব-স্ব অঞ্চল/বিভাগের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তথ্য প্রেরণ নিশ্চিতকল্পে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।
- (২-১৬) অধ্যক্ষ, সরকারী টেকনিক্যাল স্কুল ও কলেজ, তানোর, রাজশাহী/দিঘীনালা, খাগড়াছড়ি/ সাঘাটা, গাইবান্ধা/ হরিপুর, ঠাকুরগাঁও/ মোংলা, বাগেরহাট/রামপাল, বাগেরহাট/ দোয়ারাবাজার, সুনামগঞ্জ/ জুড়ী, মৌলভীবাজার/ দুপচাঁচিয়া, বগুড়া/ তেঁতুলিয়া, পঞ্চগড়/ মিঠামইন, কিশোরগঞ্জ/ ইটনা, কিশোরগঞ্জ/ বটিয়াঘাটা, খুলনা/ সিংড়া, নাটোর/ মোহাম্মদপুর, মাগুরা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেওয়া হল:

- (১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রতীতি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- (২) মহাপরিচালকের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- (৩) সংরক্ষণ নথি।